

# যুগান্তর

তারিখ ... 2-6 NOV 2007

পৃষ্ঠা - ২৪

১৮/১০/০৭  
৪৬

## সরকারি মাধ্যমিক বিদ্যালয় শিগগিরই ৪৬৪ সহকারী শিক্ষক নিয়োগের সাকুলার আসছে

### যুগান্তর রিপোর্ট

শিগগিরই দেশের সরকারি মাধ্যমিক বিদ্যালয়গুলোতে ৪৬৪ জন সহকারী শিক্ষক নিয়োগের সাকুলার আসছে। এছাড়া সহকারী প্রধান শিক্ষকের ২২২টি পদ পূরণের লক্ষ্যে সমসংখ্যক সহকারী শিক্ষককেও পদোন্নতি দেয়া হচ্ছে। এলফো প্রয়োজনীয় প্রক্রিয়া শুরু হয়েছে। মর্ফট সূত্র ও তথ্য জানিয়েছে। সূত্র, জানায়, মর্ফট মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগের জন্য রিক্রুইজিশন পত্র শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে সংস্থাপন মন্ত্রণালয়ে পাঠায়। প্রয়োজনীয় প্রক্রিয়া শেষে সংস্থাপন মন্ত্রণালয়ের অনুমতি মিললেই মাউশি সাকুলারের ব্যবস্থা করবে।

সারাদেশে ৩১৭টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় রয়েছে। এগুলোতে সহকারী শিক্ষকের মোট অনুমোদিত পদ রয়েছে ৭ হাজার ৭৬৪টি। মর্ফট সূত্র জানায়, এর মধ্যে ৪৮৫টি পদই বর্তমানে শূন্য রয়েছে। শূন্য পদের বিপরীতে মাউশি ৪৬৪টি পদে নিয়োগের জন্য রিক্রুইজিশন পাঠায়। সারাদেশে ৩১৭টি মুন্সে প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকের মোট পদ রয়েছে ৬৮১টি। এর মধ্যে ৪৬১টি পদই রয়েছে শূন্য। মর্ফট সূত্র জানায়, সারাদেশে মোট ১৭০টি প্রধান শিক্ষক ও ১৪৭টি প্রধান শিক্ষকের পদ রয়েছে। এর মধ্যে ৩৬ জন প্রধান শিক্ষক ও ৪২ জন প্রধান শিক্ষিকা কর্মরত আছেন। বাকি ২৩৯টি পদই বর্তমানে শূন্য। সহকারী প্রধান শিক্ষকের পদ রয়েছে ২৭ এবং শিক্ষিকার ১৬৪টি। কিন্তু এর মধ্যে ৮০ জন শিক্ষক ও ৬০ জন শিক্ষিকা কর্মরত রয়েছেন। অর্থাৎ ২২২টি পদই রয়েছে শূন্য।

৩১৭টি মাধ্যমিক বিদ্যালয় সারাদেশে ৯টি আঞ্চলিক কেন্দ্র দিয়ে পরিচালিত হয়। এগুলোতে ১০টি উপ-পরিচালকের পদ রয়েছে। কিন্তু এর মধ্যে কেবল বরিশাল কেন্দ্রের একজন কর্মরত আছেন। বাকি ৯টিই বর্তমানে শূন্য। এছাড়া বিদ্যালয় পরিদর্শকের ৮টির মধ্যে ৬টি, পরিদর্শিকার ৮টির মধ্যে ৫টি, সহকারী বিদ্যালয় পরিদর্শক-পরিদর্শিকার ১৬টির সবক'টি, জেলা শিক্ষা অফিসরের ৬৪টির মধ্যে ৪০টি এবং সহকারী জেলা শিক্ষা অফিসরের ৬৪টির মধ্যে ২৪টি শূন্য রয়েছে। অর্থাৎ মাউশি

ও উপ-আঞ্চলিক কার্যালয় থেকে শুরু করে জেলা পর্যন্ত ১০৪টি পদের মধ্যে ৯৭টি রয়েছে শূন্য। প্রধান ও সহকারী প্রধান শিক্ষক এবং শিক্ষা প্রশাসনের এসব পদ ভারপ্রাপ্ত ও পরবর্তীদের দিয়ে কোন রকমে মোড়াতালি দিয়ে চলেছে। এ অবস্থার বিগত অনেকদিন ধরে পদ পূরণের দাবি উঠেছে। মাউশি সূত্র জানায়, শূন্য পদে বিশেষ করে সহকারী প্রধান শিক্ষকের পদ পূরণের সিদ্ধান্ত নিয়েছে সরকার। এলফো উল্লিখিত পদে সহকারী শিক্ষকদের মধ্য থেকে পদোন্নতি দেয়া হবে। সূত্র জানায়, প্রোগ্রামের প্রয়োজনীয় প্রক্রিয়া চলছে। ডিসেম্বরের মধ্যে যোগ্য আসতে পারে। ওই সূত্র আরও জানায়, মাউশি প্রত্যাশা করছে সহকারী শিক্ষক পদের সাকুলারটি নতুন বছরের শুরুতে আসতে পারে।